

উপজেলা সমবায় কার্যালয়, রামপাল, বাগেরহাট এর সফল সমবায় সমিতির সাফল্যগাথা/সচিত্র
প্রতিবেদন

* সমিতির নাম: মুনলাইট সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

* সমিতির ঠিকানা: গ্রাম: বেতকাটা, ডাকঘর: ভোজপাতিয়া, উপজেলা: রামপাল, জেলা: বাগেরহাট

* রেজিস্ট্রেশন নম্বর এবং তারিখ: ৪০/বা, তারিখ: ০৭.০৩.২০১৮ খ্রিস্টাব্দ

বাগেরহাট জেলার রামপাল উপজেলার বেতকাটা গ্রামের “মুনলাইট সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ” এলাকার আর্থ-সামাজিক উন্নয়নে ও নারীর ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। প্রতিষ্ঠার প্রায় ছয় বছর ধরে সমিতির সদস্যদের ভাগ্য উন্নয়নে সদস্য পর্যায়ে ক্ষুদ্র ঋণ প্রকল্প, স্যানিটেশন, বৃক্ষ রোপন, বয়স্ক শিক্ষা, গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের ফ্রি কোচিং ও শিক্ষা উপকরণ বিতরণ, মৎস্য চাষ, সেলাই, হাঁস-মুরগী ও গাভী পালনে ব্যাপক সহযোগিতা প্রদান করে আসছে। সমিতির সদস্যদের অর্থনৈতিক উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাওয়ার স্বীকৃতি স্বরূপ “সঞ্চয় ও ঋণদান” শ্রেণিতে “মুনলাইট সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ” কে উপজেলা পর্যায়ে জাতীয় সমবায় সমিতি পুরস্কার-২৩ বাছাই কমিটির সভায় সঞ্চয় ও ঋণদান ক্যাটাগরীতে শ্রেষ্ঠ সমবায় সমিতি হিসেবে মনোনীত হয়।



সমিতিটি ২০১৮ সাল হতে ২০জন সদস্যের ২০,০০০/- টাকা মূলধন নিয়ে যাত্রা শুরু করে হাঁটি হাঁটি পা পা করে আজ ছয় বছরে পদার্পণ করে সমিতির ১৩৪ জন সদস্যের কার্যকরী মূলধন দাঁড়িয়েছে ১৬৫২৯২২/- টাকা। পরবর্তীতে সদস্যদের প্রচেষ্টায় এবং ব্যবস্থাপনা কমিটির পরিশ্রম ও সচ্ছতা জবাবদিহিতা মূলক পরিচালনার ফলে সমিতিটি বিভিন্ন রকম কার্যক্রম যেমন-ক্ষুদ্র ঋণের মাধ্যমে সদস্যরা সেলাই, মৎস্যচাষ, হাঁস-মুরগী পালন ও গাভী পালন করে লাভবান হওয়ার ফলে সদস্য ও সমিতিটি সফলতা অর্জন করে।

সমিতির বর্তমান সদস্য সংখ্যা ১৩৪ জন। এ সকল সদস্যরা ব্যবসায়ী, শিক্ষক সহ নানা শ্রেণি পেশার মানুষ। সমহারে সমিতি হতে সুযোগ পেয়ে থাকেন। সমিতির উল্লেখযোগ্য কর্মসূচির মধ্যে সদস্য পর্যায়ে ক্ষুদ্র ঋণ প্রকল্প, স্যানিটেশন, বৃক্ষ রোপন, বয়স্ক শিক্ষা, গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের ফ্রি কোচিং, মৎস্য চাষ, সেলাই, হাঁস-মুরগী ও গাভী পালন ইত্যাদি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।



সমিতিটি বিগত বছর গুলোতে ক্ষুদ্র ঋণ বিতরণের মাধ্যমে সদস্যদেরকে কর্মমুখী করছে। সমিতির ক্ষুদ্র ঋণের মাধ্যমে সদস্যরা সেলাই, মৎস্যচাষ, হাঁস-মুরগী পালন ও গাভী পালন করে এলাকার চাহিদা পূরণ করে নিজেরাও লাভবান হচ্ছে ও দেশের অন্যত্র প্রেরণে সহযোগিতা করেছে।

এক নজরে কার্যক্রম:

- ১। অংশগত মূলধন: ৩৪৩০০/- টাকা।
- ২। সঞ্চয় আমানত: ১৫৬৭৩৮৩/- টাকা।
- ৩। সংরক্ষিত তহবিল ও অন্যান্য তহবিল : ৪৬৪৯১/- টাকা।
- ৪। কার্যকরী মূলধন: ১৬৫২৯২২/- টাকা।
- ৫। ঋণ কার্যক্রম-(ক) ঋণ দাদন: ৬৫৯৪২৭/- টাকা (গত ৩ বছরে)
- খ) ঋণ আদায়: ৬২৪৯৩৩০/- টাকা (গত ৩ বছরে)
- ৬। ২০২২-২৩ অর্থবছরে নীট লাভ: ৩২১০৯/- টাকা।
- ৭। ২০২২-২৩ অর্থবছরে অডিট ফি পরিশোধ: ৩২২০/- টাকা।
- ৮। ২০২২-২৩ অর্থবছরে সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ: ৯৬৩/- টাকা।

প্রান্তিক পর্যায়ের খেটে খাওয়া সুবিধাবঞ্চিত নারী ও পুরুষ গত ছয় বছরেরও বেশি সময় ধরে সমিতির এই পতাকাতলে এসে সার্বিকভাবে দারিদ্রতাকে জয় করতে শিখেছে। প্রতিটি সদস্য তাদের পরিবারকে আলোকিত করার জন্য, সমাজে তাদের অবস্থান মর্যাদার সাথে পোক্ত করার জন্য বিভিন্ন রকমের প্রশিক্ষণ গ্রহণ করে প্রশিক্ষিত সদস্য হিসাবে গড়ে তোলার প্রয়াস চালিয়ে যাচ্ছেন। সদস্যদের পরস্পরের সাথে পরস্পরের সু-সম্পর্ক, ব্যবস্থাপনা কমিটির সততার কারণে সমিতিটি আজ শক্ত আর্থিক ভিত্তি অর্জন করতে সক্ষম হয়েছে। সমবায় আইন ও বিধি মোতাবেক আলোচ্য সমবায় সমিতিটি প্রতি বছর যথাসময়ে অডিট সম্পন্ন হয়ে থাকে এবং সমিতি কর্তৃপক্ষ অডিট কাজে সার্বিক সহযোগিতা করে থাকেন। সমিতিতে নিয়মিতভাবে ব্যবস্থাপনা কমিটির সভা, বার্ষিক সাধারণ সভা, নির্বাচন অনুষ্ঠিত হয়। হাজারও প্রতিবন্ধকতা তথা প্রতিকূলতা সত্ত্বেও সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ সমিতিটিকে ধীরে ধীরে টেকসই উন্নয়নের শিখরে নিয়ে যাওয়ার নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

স্বাক্ষরিত/-
(এস, এম, শরিফুল ইসলাম)
উপজেলা সমবায় অফিসার
রামপাল, বাগেরহাট